৩।

০2 JUL 1997

দৈনিক বাংলা

দৈ-পত্রিকা ... ... ... ...
পৃষ্ঠা: 02 JUL 1997

# লেজুরভিত্তিক ছাত্র রাজনীতি বন্ধে প্রেসিডেন্টের প্রস্তাবের প্রতি গণফোরামের সমর্থন

**স্টাফ রিপোর্টার ঃ** রাজনৈতিক দলের লেজুড়ভিত্তিক ছাত্র রাজনীতি বন্ধের প্রশ্নে প্রেসিডেন্ট বিচারপতি সাহাবুদ্দীন আহমদের প্রস্তাবের প্রতি সমর্থন জানিয়েছে গণফোরাম। মঙ্গলবার গণফোরামের এক সভায় এ সমর্থনের কথা প্রকাশ করে গৃহীত এক প্রস্তাবে বলা হয়েছে, প্রেসিডেন্টের নিরপেক্ষ ও নীতিনিষ্ঠ বক্তব্য শিক্ষাঙ্গনকে সন্ত্রাসমুক্ত, ছাত্র সংগঠনকে রাজনৈতিক দলের লেজুড়মুক্ত এবং শিক্ষার মান ও পরিবেশ উন্নয়নে এক জাতীয় জাগরণের উন্মেষ ঘটাবে।

সভায় রাজনৈতিক দলের লেজুড়ভিত্তিক ছাত্র রাজনীতি বন্ধের ব্যাপারে সকল গণতান্ত্রিক দল, ছাত্র সমাজ, শিক্ষক ও অভিভাবকসহ দেশবাসীকে সোচ্চার ও ঐক্যবদ্ধভাবে এগিয়ে আসার আহবান জানানো হয়। ঢাকায় অনুষ্ঠিত এ সভায় সভাপতিত্ব করেন দলের সভাপতি ডঃ কামাল হোসেন।

সভায় গৃহীত প্রস্তাবে রাজনৈতিক দলের লেজুড়ভিত্তিক সন্ত্রাসনির্ভর ছাত্র রাজনীতি বন্ধে গণফোরামের গত তিনবছরের তৎপরতার কথা তুলে ধরে বলা হয়, তথাকথিত ছাত্র রাজনীতির নামে সন্ত্রাস ও অস্ত্রের রাজনীতি, শিক্ষার মান ও পরিবেশগত অধঃপতন, ছাত্র সমাজকে রাজনৈতিক দলের হাতিয়ার হিসাবে ব্যবহার, শিক্ষকদের সংকীর্ণ রাজনীতির প্রশ্নে রাষ্ট্রপতির বক্তব্য নিরপেক্ষ, সঠিক ও সুনির্দিষ্ট।

সভার অপর এক প্রস্তাবে আইন-শৃংখলা পরিস্থিতি সম্পর্কে উদ্বেগ প্রকাশ করা হয় এবং গণপিটুনির মত বর্বরতা রোধে 'গণআস্থা উদ্রেককারী' সার্বিক জরুরী কার্যক্রম গ্রহণের জন্য সরকারের প্রতি দাবী জানানো হয়।